রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগষ্ট ২৫, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা ১০

## প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই ভাদ্র, ১৩৯৫/২৫শে আগষ্ট, ১৯৮৮

নং এস,আর ও ২৬৪-আইন/৮৮/শা-১০/রায়-৬/৮৭—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6 (1)(a)তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা ঘোষণা করিলেন যে, "বিড়ি শিল্প" প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকগণের মজুরীর হার নির্ধারণের জন্য উক্ত Ordinance এর section 3 এর অধীন গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক উক্ত Ordinance এর section 5 মোতাবেক সুপারিশকৃত এবং নিম্নতফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উপরি-উল্লিখিত শ্রমিকগণের নিম্নতম মজুরীর হার হইবে :

তফসিল

| শ্রমিক পদবিন্যাস | নিম্নতম মজুরী | | |
|---|---|---|---|
| বিড়ি তৈয়ারী শ্রমিক | দৈনিক টাকা ৩৫.০০ | | |
| | মাসিক মূল মজুরী | মাসিক প্রান্তিক ভাতা | সর্বমোট |
| | (টাকা) | (টাকা) | (টাকা) |
| | ৫৯২.০০ | ৩১৮.০০ | ৯১০.০০ |



মূল্য: ৩০ পয়সা

ফুরণ ভিত্তিক

| কাজের প্রকৃতি | পণ্যের ওজন | নিম্নতম মজুরী |
|---|---|---|
| তামাক ভাংগাই (হাতে) | প্রতি এক মণ | ১০.০০ টাকা |
| তামাক চিড়াই (হাতে) | প্রতি এক মণ | ৬.০০ টাকা |
| ডাটা চালানী (হাতে) | প্রতি এক মণ | ২.০০ টাকা |
| চালানী প্যাকিং (হাতে) | প্রতি এক বস্তা | ৫.০০ টাকা |
| মিকচার (বিড়ির জন্য) (হাতে) | প্রতি এক মণ | ৪.৫০ টাকা |
| তামাক ভাংগাই (মেশিনে) | প্রতি এক মণ | ৪.০০ টাকা |

| শ্রমিক পদবিন্যাস | মূল মজুরী | প্রান্তিক ভাতা (মাসিক) | সর্বমোট |
|---|---|---|---|
| | (টাকা) | (টাকা) | (টাকা) |
| ক্যাশিয়ার .. .. | ৮০৮.০০ | ৩৮২.০০ | ১১৯০.০০ |
| একাউনটেন্ট .. .. | ৮০৮.০০ | ৩৮২.০০ | ১১৯০.০০ |
| ষ্টোর কিপার .. .. | ৮০৮.০০ | ৩৮২.০০ | ১১৯০.০০ |
| ড্রাইভার .. .. | ৮০৮.০০ | ৩৮২.০০ | ১১৯০.০০ |
| টেলিফোন অপারেটর .. | ৬৪৮.০০ | ৩৩৪.০০ | ৯৮২.০০ |
| টাইপিষ্ট .. .. | ৬৪৮.০০ | ৩৩৪.০০ | ৯৮২.০০ |
| ষ্টোর কিপার এসিষ্টেন্ট .. | ৬৪৮.০০ | ৩৩৪.০০ | ৯৮২.০০ |
| পিয়ন .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |
| দারোয়ান .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |
| নাইট গার্ড .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |
| মালি .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |
| সুইপার .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |

বি: দ্র:—প্রান্তিক ভাতা বলিতে বুঝায়:

(১) বাড়ী ভাড়া ভাতা মূল মজুরীর ৩০%
(২) চিকিৎসা ভাতা ১০০ টাকা মাসিক
(৩) যাতায়াত ভাতা .. ৪০ টাকা মাসিক

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফরিদ উদ্দিন আহমদ

উপ-সচিব।

বিশেষ দ্রষ্টব্য:—এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ, ১৯৮৮ হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "বিড়ি" শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ১৯৮৮

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৬(১) ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৮১ সনের ২৩শে ফেব্রুয়ারী নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ-এর ভিত্তিতে "বিড়ি" শিল্পে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ঘোষণা করেন এবং উহা একই তারিখের গেজেটে যথাযথ বিজ্ঞাপিত হয়। উক্ত সুপারিশে চট্টগ্রাম বিভাগের জন্য এক রেট এবং দেশের অন্যান্য অঞ্চলের জন্য আর এক রেট ফুরণ ভিত্তিক (প্রতি হাজারের) মজুরী নির্ধারণ করা হয়। ১৯৮১ সনের তদন্তে বোর্ড ইহা লক্ষ্য করেন যে, যেহেতু চট্টগ্রাম বিভাগের অন্তর্ভুক্ত বিড়ি শিল্প প্রতিষ্ঠানসমূহে বিড়ি উৎপাদন পদ্ধতি ও প্রণালী বাংলাদেশের অন্যান্য অঞ্চলের বিড়ি উৎপাদন পদ্ধতি হইতে ভিন্ন প্রকারের এবং বিড়ির আকৃতি ও তুলনামূলকভাবে ছোট। সেইজন্য চট্টগ্রাম বিভাগের এক জন শ্রমিক ৮ (আট) ঘণ্টায় অন্যান্য এলাকা হইতে গড়ে দ্বিগুণ বিড়ি উৎপাদন করিতে পারে। উৎপাদনের এই তারতম্যের জন্য শ্রমিকদের দৈনিক আয়ের সমতা রক্ষা করার জন্য ভিন্ন ভিন্ন মজুরী রেট নির্ধারণ করা হয়। কিন্তু উক্ত নিম্নতম মজুরী কোন কোন বিড়ি শিল্পে বাস্তবায়িত হয় এবং কোন কোন বিড়ি শিল্পের মালিক ও শ্রমিক পক্ষ তাহাদের স্বার্থের পরিপন্থী বলিয়া আপত্তি উত্থাপন করেন এবং সারা দেশের জন্য একই মজুরী নির্ধারণের দাবী করেন। এই অবস্থার প্রেক্ষিতে সরকার নিম্নতম মজুরী অধ্যাদেশের ৭ ধারা মোতাবেক উক্ত ঘোষিত নিম্নতম মজুরী পুনর্বিবেচনার জন্য ২৮-১-১৯৮৩ তারিখের এস-১৩/২(১)/৮৩/৫২ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেন।

পুনর্বিবেচনার প্রশ্নে বোর্ড কয়েকটি মিটিং-এ মিলিত হন এবং সর্বসম্মতিক্রমে প্রণীত সুপারিশ সরকারের নিকট পেশ করেন যাহা সরকার কর্তৃক অনুমোদিত হইয়া ১৯৮৫ সনের ১৩ই জুন তারিখের গেজেটে বিজ্ঞাপিত হয়। উক্ত সুপারিশ প্রণয়নের পূর্বে খসড়া প্রকাশ না হওয়ায় উহা জনমত যাচাই করা হয় নাই বলিয়া মন্ত্রণালয় আপত্তি করেন এবং খসড়া প্রকাশের জন্য নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেন। মন্ত্রণালয়ের নির্দেশের প্রেক্ষিতে বোর্ড খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন।

খসড়া সুপারিশের উপর প্রাপ্ত আপত্তির প্রেক্ষিতে বোর্ড দেশের বড় ছোট বেশ কিছু সংখ্যক বিড়ি শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করেন। পরিদর্শনকালে বোর্ড লক্ষ্য করেন যে, চট্টগ্রাম বিভাগে অবস্থিত বিড়ি শিল্প প্রতিষ্ঠানগুলিতে বিড়ি উৎপাদন পদ্ধতি দেশের অন্যান্য অঞ্চলের বিড়ি উৎপাদন পদ্ধতি হইতে ভিন্ন প্রকারের এবং বিড়ির আকৃতিও তুলনামূলকভাবে ছোট। বিড়ি উৎপাদন পদ্ধতি, আকৃতি ইত্যাদির কারণে চট্টগ্রাম বিভাগের একজন শ্রমিক যেখানে ৮ (আট) ঘণ্টায় যে পরিমাণ বিড়ি উৎপাদন করিতে পারেন সেখানে দেশের অন্যান্য এলাকায় একজন শ্রমিক তার প্রায় অর্ধেক বিড়ি উৎপাদন করেন। এই অবস্থায় ফুরণ ভিত্তিক মজুরী নির্ধারণ করিতে হইলে পূর্বের ন্যায় দুই রকম মজুরী নির্ধারণ করিতে হয়। তাহা না হইলে শ্রমিকদের দৈনিক আয়ের সমতা রক্ষা করা অসম্ভব। অথচ সারা দেশে একই মজুরী নির্ধারণের জন্য বিভিন্ন মহল হইতে জোর দাবী উঠিয়াছে এবং বোর্ডও সর্বসম্মতিক্রমে একই মজুরী নির্ধারণের একমত হইয়াছেন। তাই বাস্তব, সঠিক ও ন্যায়ভিত্তিক ব্যবস্থা হিসাবে দৈনিক ও মাসিক

মজুরী নির্ধারণের একমাত্র উপায় বলিয়া সিদ্ধান্ত নেন এবং এই মজুরী কর্মরত ৮ (আট) ঘন্টায় দিন এবং কর্মরত ২৬ (ছাব্বিশ) দিনে মাস হিসাবে গণ্য হইবে। প্রত্যেক বিড়ি ফ্যাক্টরীর মালিক ও শ্রমিক পক্ষ অতীতের উৎপাদনকে সামনে রেখে ঠিক করিবেন প্রতি ৮ ঘন্টায় কি পরিমাণ বিড়ি উৎপাদন করা উচিত। যেহেতু বিভিন্ন বিড়ি ফ্যাক্টরীতে উৎপাদন হার বিভিন্ন রকম সেইহেতু ৮ ঘন্টায় উৎপাদন মাত্রা নির্ধারণ করা বোর্ডের পক্ষে সম্ভব নয়। তাছাড়া এ পর্যন্ত বোর্ড কোন ব্যক্তিমালিকানাধীন শিল্পের উৎপাদন ক্ষমতা (Production Capacity) নির্ধারণ করেন নাই। অতঃপর বোর্ড সর্বসম্মতিক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন :

১। "বিড়ি" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিড়ি তৈয়ারী শ্রমিকদের দৈনিক ও তার পাশাপাশি মাসিক, তামাক বিভাগের শ্রমিকদের পূর্বের ন্যায় ফুরণ ভিত্তিক এবং অন্যান্য শ্রমিকদের মাসিকভিত্তিক মজুরী নির্ধারণ করা হয় যাহা সংযোজিত "সিডিউলে" বলা হইয়াছে।

২। এই ঘোষণার পর হইতে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ "সিডিউলে" বর্ণিত রেজিষ্টারভুক্ত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদের যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন কারণে কোন পদ "সিডিউলে" উল্লেখ না থাকে তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালকগণ অবশ্যই উক্ত পদের নাম ও শ্রেণী নির্ধারণক্রমে "সিডিউলে" বর্ণিত হারে নিম্নতম মজুরী প্রদান করিবেন। এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডকে জানাইবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতন মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবে এবং উক্ত নিয়োগ-কারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৫। "বিড়ি" শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদের "সিডিউলে" উল্লিখিত নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

৬। "সিডিউলে" উল্লেখিত নিম্নতম মজুরী সর্ব্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবেনা এবং বর্তমানে উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিক পক্ষ হইতে ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে বা যৌথভাবে অধিকতর যোগ্যতাসম্পন্ন শ্রমিকদের বিশেষ বা অন্য কোন কারণে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। অন্যান্য সুযোগ-সুবিধা ইত্যাদি যাহা "বিড়ি" শিল্পে নিয়োজিত শ্রমিকগণ বর্তমানে ভোগ করিয়া আসিতেছেন তাহা অবশ্যই বলবৎ থাকিবে তবে কিরূপভাবে ধার্য হইবে তাহা মালিক ও শ্রমিক পক্ষ তাহাদের আলাপ-আলোচনার মাধ্যমে নির্ধারণ করিবেন।

৮। যে সকল "বিড়ি" শিল্প প্রতিষ্ঠানে ফুরণ ভিত্তিক মজুরী প্রদান করা হয় সেই সকল শিল্প প্রতিষ্ঠানে এই সুপারিশ মোতাবেক শ্রমিকদের মজুরীর হার এইরূপভাবে সমন্বয় করিতে হইবে যাহাতে বিভিন্ন শ্রমিকগণ তাহাদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরীর অপেক্ষা কম না পায়।

এ,কে,এম, আজিজুল হক
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।

ডঃ মোঃ হাবিবুল্লাহ
নিরপেক্ষ সদস্য।

মোঃ ইব্রাহীম মিয়া
মালিক পক্ষের সদস্য।

কে, এ, খন্দকার
মালিক পক্ষের সদস্য।

সৈয়দ বদরুদ্দোজা নাজনু
শ্রমিক পক্ষের সদস্য।

## সিডিউল

| শ্রমিক পদবিন্যাস | নিম্নতম মজুরী |
|---|---|
| | টাকা |
| ১। বিড়ি তৈয়ারী শ্রমিক .. .. .. | ৩৫.০০ (দৈনিক) |

### মাসিক ভিত্তিক

| মূল মজুরী | প্রান্তিক ভাতা | সর্বমোট |
|---|---|---|
| টাকা | টাকা | টাকা |
| ৫৯২·০০ | ৩১৮·০০ | ৯১০·০০ |

### ফুরণ ভিত্তিক

| | | | টাকা |
|---|---|---|---|
| ২। | তামাক ভাংগাই (হাতে) .. .. | প্রতি এক মণ | ১০·০০ |
| ৩। | তামাক চিরাই (হাতে) .. .. | প্রতি এক মণ | ৬·০০ |
| ৪। | ডাটা চালানী (হাতে) .. .. | প্রতি এক মণ | ২·০০ |
| ৫। | চালানী প্যাকিং (হাতে) .. .. | প্রতি এক বস্তা | ৫·০০ |
| ৬। | মিকচার (বিড়ির জন্য) (হাতে) .. .. | প্রতি এক মণ | ৪·৫০ |
| ৭। | তামাক ভাংগাই (মেশিনে) .. .. | প্রতি এক মণ | ৪·০০ |

অন্যান্য শ্রমিকদের মাসিক ভিত্তিক মজুরী

| ক্রমিক নং। | শ্রমিক পদবিন্যাস | মূল মজুরী টাকা | প্রান্তিক ভাতা টাকা | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|
| ৮ | ক্যাশিয়ার .. .. | ৮০৮.০০ | ৩৮২.০০ | ১১৯০.০০ |
| ৯ | একাউনটেণ্ট .. | ৮০৮.০০ | ৩৮২.০০ | ১১৯০.০০ |
| ১০ | ষ্টোর কিপার .. | ৮০৮.০০ | ৩৮২.০০ | ১১৯০.০০ |
| ১১ | ড্রাইভার .. .. | ৮০৮.০০ | ৩৮২.০০ | ১১৯০.০০ |
| ১২ | টেলিফোন অপারেটর .. | ৬৪৮.০০ | ৩৩৪.০০ | ৯৮২.০০ |
| ১৩ | টাইপিষ্ট .. .. | ৬৪৮.০০ | ৩৩৪.০০ | ৯৮২.০০ |
| ১৪ | ষ্টোরকিপার এসিসটেণ্ট .. | ৬৪৮.০০ | ৩৩৪.০০ | ৯৮২.০০ |
| ১৫ | পিয়ন .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |
| ১৬ | দারোয়ান .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |
| ১৭ | নাইট গার্ড .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |
| ১৮ | মালি .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |
| ১৯ | সুইপার .. .. | ৫৬০.০০ | ৩০৮.০০ | ৮৬৮.০০ |

বিঃদ্রঃ—প্রান্তিক ভাতা বলিতে বুঝায় :

(১) বাড়ী ভাড়া ভাতা .. .. মূল মজুরীর ৩০%
(২) চিকিৎসা ভাতা .. .. .. ১০০ টাকার মাসিক
(৩) যাতায়ত ভাতা .. .. ৪০ টাকা মাসিক

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত। খোন্দকার শাহ্ কামাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।